## বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০২৬ (০১-০৭ আগষ্ট) সপ্তাহব্যাপী অনুমোদিত কর্মসূচি

### এবারের প্রতিপাদ্য বিষয়: "Breastfeeding for a Sustainable Start in Life: Strengthen What Works"

### "জীবনের সূচনায় মাতৃদুগ্ধ পানঃ টেকসই উদ্যোগ করি বেগবান"

| | |
|---|---|
| **১ম দিন (০১/০৮/২০২৬) শনিবার:** বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহের উদ্বোধন, র‍্যালী ও আলোচনা সভা সারা মাসব্যাপী মাতৃদুগ্ধ বিকল্প আইন, ২০১৩ বিষয়ক অবহিতকরণ সভা | ১। কেন্দ্রীয় পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠান ও মাতৃদুগ্ধ বিষয়ক মেলার আয়োজন;<br>২। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০২৬ এ বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) মহোদয় এবং তাঁর কার্যালয়ের কর্মকর্তাগন সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন অফিসের উদ্বোধনী অনুষ্ঠান, র‍্যালী ও প্রতিপাদ্য বিষয়ের উপর আলোচনা সভায় অংশগ্রহণ করবেন।<br>৩। মাঠ পর্যায়ে (জেলা, উপজেলা) মাতৃদুগ্ধ বিষয়ক মেলা, র‍্যালী ও প্রতিপাদ্য বিষয়ে আলোচনা এবং জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত আইইসি এবং টিভিসি ম্যাটেরিয়ালস প্রদর্শণ;<br>৪। মাতৃদুগ্ধ ও জনস্বাস্থ্য পুষ্টি বিষয়ক কার্যক্রম পরিচালনাকারী সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের প্রতিনিধিগণ কর্মসূচিসমূহে উপস্থিত থাকবেন। |
| **২য় দিন (০২/০৮/২০২৬) রবিবার:** গর্ভবতী ও দুগ্ধদানকারী মায়েদের কাউন্সিলিং ক্যাম্প এবং কর্মজীবী মায়েদের গেলে রাখা দুধ সংরক্ষণ ও খাওয়ানোর পদ্ধতি বিষয়ক আলোচনা | ১। জেলা পর্যায়ে সিভিল সার্জনের কার্যালয়ে এবং উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে, কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়িত হবে;<br>২। কর্মজীবী মায়েদের গেলে রাখা দুধ সংরক্ষণ ও খাওয়ানোর পদ্ধতি বিষয়ক আলোচনা |
| **৩য় দিন (০৩/০৮/২০২৬) সোমবার:** মা ও শিশুর পুষ্টি বিষয়ক স্ক্রিনিং ক্যাম্প, চিত্রাংকন প্রতিযোগিতা | ১। কেন্দ্রীয় পর্যায়েঃ বাংলাদেশ ব্রেষ্টফিডিং ফাউন্ডেশন এর সাথে সমন্বয় করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনষ্টিটিউটে কিশোর কিশোরীদের নিয়ে উন্মুক্ত চিত্রাংকন অনুষ্ঠিত হবে।<br>২। মাঠ পর্যায়ে (জেলা, উপজেলা):<br>(ক) জেলা ও উপজেলা পর্যায়ে গ্রুপ ভিত্তিক নির্ধারিত বিষয়ে চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।<br>গ্রুপ:<br>প্রাথমিক: ৩য় থেকে ৫ম শ্রেণি (ক গ্রুপ)<br>মাধ্যমিক: ৬ষ্ঠ থেকে ১০ম শেণি (খ গ্রুপ)<br>বিষয়:<br>প্রাথমিক: পুষ্টি বিষয়ক উন্মুক্ত চিত্রাংকন,<br>মাধ্যমিক: মা ও শিশু ও পরিবার |
| **৪র্থ দিন (০৪/০৮/২০২৬) মঙ্গলবার:** স্কুল ও কলেজ ভিত্তিক মাতৃদুগ্ধ বিষয়ক সচেতনতা কার্যক্রম | ১। জেলা পর্যায়ে সিভিল সার্জন, জেলা শিক্ষা কর্মকর্তাসহ যেকোনো একটি মাধ্যমিক পর্যায়ের স্কুলে ছাত্র-ছাত্রী সমাবেশ আয়োজন করবেন, উপস্থিত ছাত্র-ছাত্রীদের মাঝে মাতৃদুগ্ধ বিষয়ক সচেতনতা, মাতৃদুগ্ধের গুরুত্ব, উপকারিতা, এবং মাতৃদুগ্ধ বিকল্প আইন-২০১৩ এবং তদধীন বিধিমালা-২০১৭ বিষয়ক শিক্ষণ কার্যক্রম পরিচালিত করবেন;<br>২। উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাসহ যেকোনো একটি মাধ্যমিক পর্যায়ের স্কুলে ছাত্র-ছাত্রী সমাবেশ আয়োজন করবেন, উপস্থিত ছাত্র-ছাত্রীদের মাঝে মাতৃদুগ্ধ বিষয়ক সচেতনতা, মাতৃদুগ্ধের গুরুত্ব, উপকারিতা, এবং মাতৃদুগ্ধ বিকল্প আইন-২০১৩ এবং তদধীন বিধিমালা-২০১৭ বিষয়ক শিক্ষণ কার্যক্রম পরিচালিত করবেন; |

| | |
|---|---|
| **৫ম দিন (০৫/০৮/২০২৬) বুধবার: পরিবার ভিত্তিক সহায়তা সভা, ধর্মীয় উপাসনালয়ে সচেতনতা কার্যক্রম** | ১। জেলা পর্যায়ে সিভিল সার্জন এবং উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সংশ্লিষ্ট কমিউনিটিতে নেতৃস্থানীয় ও গন্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষক, পরিবারের অভিভাবক এবং ধর্মীয় নেতাদের উপস্তিতিতে এই কার্যক্রম পরিচালনা করবেন;<br>২। মাতৃদুগ্ধ ও জনস্বাস্থ্য পুষ্টি বিষয়ক কার্যক্রম পরিচালনাকারী সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের প্রতিনিধিগণ কর্মসূচিসমূহে উপস্থিত থাকবেন। |
| **৬ষ্ঠ দিন (০৬/০৮/২০২৬) বৃহস্পতিবার: মাতৃদুগ্ধ বিকল্প আইন, মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য নিয়ন্ত্রণ ও বাজার/স্বাস্থ্য কেন্দ্র মনিটরিং ও সচেতনতা কার্যক্রম** | ১। জেলা পর্যায়ে সিভিল সার্জন জেলা প্রশাসক মহোদয়ের সাথে সমন্বয় করে হাসপাতাল, ক্লিনিক, ফার্মেসি, বাজার, সুপারশপসমূহে মাতৃদুগ্ধ বিকল্প আইন অনুযায়ী মাতৃদুগ্ধ বিকল্প পণ্যসমূহের মনিটরিং কার্যক্রম পরিচালনা করবেন এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেটসহ জেলা স্যানিটারি ইন্সপেক্টর উপস্থিত থাকবেন;<br>২। উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয় করে অনুরুপ কার্যক্রম পরিচালনা করবেন।<br>৩। মাতৃদুগ্ধ ও জনস্বাস্থ্য পুষ্টি বিষয়ক কার্যক্রম পরিচালনাকারী সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের প্রতিনিধিগণ কর্মসূচিসমূহে উপস্থিত থাকবেন; |
| **৭ম দিন (০৭/০৮/২০২৬) শুক্রবার: বছরব্যাপী মাতৃদুগ্ধ বিয়ষক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত আলোচনা এবং পুরষ্কার বিতরনী** | ১। জেলা/উপজেলা পর্যায়ে 'পুষ্টি সমন্বয় কমিটি'র সকল সদস্যের অংশগ্রহণে সপ্তাহব্যাপী কার্যক্রমের সারাংশ ও অর্জন বিষয়ক আলোচনা, বছরব্যাপী মাতৃদুগ্ধ বিয়ষক কার্যক্রম পরিচালনার ব্যপারে কর্মসূচি প্রণয়ন এবং বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরন করা হবে।<br>২। মাতৃদুগ্ধ ও জনস্বাস্থ্য পুষ্টি বিষয়ক কার্যক্রম পরিচালনাকারী সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের প্রতিনিধিগণ কর্মসূচিসমূহে উপস্থিত থাকবেন। |

সপ্তাহব্যাপী প্রচারণা কার্যক্রম: মাঠপর্যায়ে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহের প্রচারনা-

- ❖ যে সকল জেলা সদর হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এলএন্ডএইচইপি কর্তৃক স্থাপিত এলইডি ভার্টিক্যাল স্ট্যান্ড কিংবা অন্যকোনো ডিজিটাল ডিস-প্লে রয়েছে, সেসকল স্বাস্থ্যসেবা কেন্দ্রের এলইডি ভার্টিক্যাল স্ট্যান্ড কিংবা ডিজিটাল ডিস-প্লেতে আইপিএইচএন প্রেরিত বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহের কনটেন্ট (টিভিসি, ডকুমেন্টারি ইত্যাদি) সপ্তাহ জুড়ে প্রচার করতে হবে।
- ❖ আইপিএইচএন প্রেরিত অনুমোদিত পিভিসি ব্যানার নির্ধারিত মাপে প্রিন্ট করে প্রর্দশন করতে হবে।
- ❖ মেডিকেল কলেজ হাসপাতাল, পুলিশ ট্রেইনিং একাডেমি, আনসার একাডেমি, সেনাবাহিনী প্রশিক্ষণ একাডেমি, ফাউন্ডেশন ট্রেইনিং একাডেমি, রাজারবাগ পুলিশ লাইনস, লেডিস ক্লাব, পাবলিক ও প্রাইভেট ইউনিভার্সিটি ও নির্বাচিত কলেজে সারা মাসব্যপী জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে মাতৃদুগ্ধ ও জনস্বাস্থ্য পুষ্টি বিষয়ক কার্যক্রম পরিচালনাকারী সরকারী বেসরকারী প্রতিষ্ঠান ও উন্নয়ন সহযোগী সংস্থার সমন্বয়ে মাতৃদুগ্ধ বিকল্প আইন, ২০১৩ বিষয়ক অবহিতকরণ কর্মশালা পরিচালনা করা হবে।

26/07/2026
ডা. মোহাম্মদ ইউনুস আলী
পরিচালক
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা-১২১২।